

Handwritten signature and date: 24/8/22



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
শাহআলী, ঢাকা
ই-মেইল: tseo.shahali@gmail.com



অস্থায়ী কার্যালয়ঃ শেরে-বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়।

স্মারক নং- থামাশিঅ/শাহআলী/ঢাকা/২০২২/২৮৩

তারিখ: ০২/০৮/২০২২খ্রি:

বিষয়ঃ গণবিজ্ঞপ্তি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (ক) ৩৭.০২.০০০০.১০১.৯৯.০২০.১৯.১৮৬১৪/১৩.
(খ) ৩৭.০২.২৬০০.০০০.৩৮.০০১.২১.৭৬২.

তারিখ: ০১/০৮/২০২২খ্রি:
তারিখ: ০২/০৮/২০২২খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

- ০১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ০৩) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ০৪) জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ০৫) অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক (সকল), শাহআলী শিক্ষা থানা- সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬) সংরক্ষণ নথি।

সংযুক্তি: ০২টি পাতা।

Handwritten signature

০২.০৮.২০২২

(রাবেয়া শিরিন)

থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
শাহআলী, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০২০.১৯. ১৮৬১৪/১৩

তারিখ: ০১/০৮/২০২২ খ্রি.

গণবিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র সরাসরি বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও তার অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে পদোন্নতি প্রদান, নিয়োগ, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন করে, ই-মেইল, এস.এম.এস. বা চিঠি পাঠিয়ে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে কর্মকর্তা-কর্মচারীদের নিকট ব্যক্তিগতভাবে ও মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকার কোন কাজে কোন প্রকার আর্থিক লেনদেনের কোন প্রয়োজন নেই। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা হতে যে সকল সেবা প্রদান করা হয়ে থাকে, তার জন্য সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে এবং তার ভিত্তিতেই সেবা প্রদান করা হয়ে থাকে।

এ সংক্রান্ত সকল তথ্যাদি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েব সাইট (www.dshe.gov.bd) এ নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও এর অধীন কোন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ব্যবহার করে ই-মেইল, এস.এম.এস. ফোন এবং চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন ধরনের প্রলোভনের ফাঁদে না জড়ানোর জন্য সংশ্লিষ্টদের-কে অনুরোধ করা হলো। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা চাইলেই বুঝবেন যে এটা প্রতারণা, সাথে সাথেই এ ধরনের প্রতারকের ফোন নম্বর নিকটস্থ থানায় এবং প্রতারকদের পুলিশে সোপর্দ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক
ফোন: ০২-২২৩৩৫১০৫৭